# ভারতের বাইরে হলে বাংলাদেশ টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলবে: পররাষ্ট্র উপদেষ্টা




সংগৃহীত ছবি

বাংলাদেশ খেলবে বিশ্বকাপে, তবে ভারতের বাইরে

ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ শুধুমাত্র ভারতের বাইরে অনুষ্ঠিত ম্যাচগুলোতে অংশগ্রহণ করবে। বিষয়টি নিশ্চিত করেছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন।

বৃহস্পতিবার (৮ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপে তিনি বলেন, "ক্রিকেটাররা সীমিত সময়ের জন্য খেলতে যাবে। কিন্তু যদি তাদের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব না হয়, তবে শুধু খেলোয়াড় নয়, খেলা দেখতে যাওয়া সমর্থকরাও ঝুঁকির মুখে পড়বেন। আমরা কিভাবে নিশ্চিত হব যে সবাই নিরাপদে থাকবে?"

তিনি আরও বলেন, "ভারতে কিছু হিন্দুত্ববাদী সংগঠন বাংলাদেশবিরোধী কার্যক্রম চালাচ্ছে। এই পরিস্থিতিতে ভারতীয় নিরাপত্তা বাহিনীর পক্ষে পুরোপুরি নিরাপত্তা দেওয়া কঠিন। তাই আমরা খেলবো, কিন্তু এমন স্থানে যেখানে এই ধরনের ঝুঁকি নেই।"

LENS ASIA

এর আগে, আইপিএল থেকে মোস্তাফিজুর রহমানকে বাদ দেয়ার পর বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জানিয়েছে যে তারা ভারতের ভেন্যুতে অংশ নেবে না এবং ভারতের ম্যাচগুলো শ্রীলঙ্কায় সরানোর বিষয়েও আইসিসির কাছে অনুরোধ জানিয়েছে।